# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**26 JULY 2025** **7:45—7:55 PM IST**

==============================================================

১) কার্গিল যুদ্ধে অসীম বীরত্বের সঙ্গে লড়াই করে দেশের জন্য প্রাণ আহুতি দেওয়া বীর জোয়ানদের স্মরণে আজ বিজয় দিবস উদযাপন / বরাক উপত্যকার তিন জেলায় ও আজ বীর শহীদদের স্মরণে বিভিন্ন কার্যসূচী গ্রহণ ।

২) মণিপুরে রাষ্ট্রপতি শাসনের মেয়াদ পুনরায় ছমাস বৃদ্ধি ।

৩) আকাশবানীর অনুষ্ঠানসূচীতে নতুনত্ব এনে নতুন প্রজন্মকে আকর্ষিত করতে পারার ওপর আকাশবানীর সঞ্চালক প্রধান ড: প্রজ্ঞা পালিয়াল গৌড়ের গুরুত্ব ।

৪) প্রদেশ কংগ্রস সভাপতি তথা সাংসদ গৌরব গগৈর হাইলাকান্দি জেলার তিনটি ভোটকেন্দ্র এলাকার জনসাধারণের সংগে মত বিনিময় ।

এবং

৫) বিশিষ্ট শিক্ষাবিদ রাজনীতিবিদ অধ্যাপক কমলেন্দু ভট্টাচার্যের আজ দেহাবসান ।

--------------------------------------------------------------------------------

১৯৯৯ সালের কার্গিল যুদ্ধের সময় দেশের জন্য প্রাণ আহুতি দেওয়া ভারতীয় জোয়ানদের বীরত্বের প্রতি সম্মাণ জানিয়ে সমগ্র দেশে আজ কার্গিল বিজয় দিবস উদযাপন করা হয়েছে । কার্গিল যুদ্ধে পাকিস্তানের বিরুদ্ধে ভারতের জয়লাভ ও অপারেশন বিজয়ের সফল পরিসমাপ্তির এবার ২৬ বছর সম্পূর্ন হয়েছে ।

এ উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশের জন্য প্রাণ আহুতি দেওয়া বীর জোয়ানদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন । কার্গিল বিজয় দিবস উপলক্ষে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং , প্রতিরক্ষা সচিব রাজেশ কুমার সিং , চীফ অব ডিফেন্স ষ্টাফ জেনারেল অনিল চৌহান , স্থল সেনাধক্ষ্য জেনারেল উপেন্দ্র

দ্বিবেদী , বায়ুসেনা প্রধান এয়ার চীফ মার্শাল  এ পি সিং ও নৌসেনা প্রধান এডমিরেল দিনেশ কে ত্রিপাঠি সহ অন্যান্যরা নতুন দিল্লীর জাতীয় যুদ্ধ স্মারকে বীর জোয়ানদের প্রতি পুষ্পার্ঘ নিবেদন করেন ।

কার্গিল বিজয় দিবসের সংগে সংগতি রেখে লাডাখের দ্রাস কার্গিল যুদ্ধ স্মৃতি সৌধে  আজ গাম্ভীর্যপূর্ন অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে  কেন্দ্রীয় যুব পরিক্রমা ও ক্রীড়া মন্ত্রী ড: মনসুক মান্ডভিয়া , প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় সেঠ সহ প্রবীন সামরিক ও  অসামরিক আধিকারিকরা কার্গিল যুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।

------------------------------------------------------------------------------------

কার্গিল বিজয় দিবস উপলক্ষে আজ সমগ্র রাজ্যে বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে দিনটি উদযাপন করা হয় । গৌহাটীর দীঘলীপুখুরীর রাজ্য যুদ্ধ স্মারকে শহীদ স্মরণ কার্যসূচীতে  রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য অংশ গ্রহণ করেন । রাজ্যপাল বীর জোয়ানদের প্রতি শ্রদ্ধা জানিয়ে দেশের জন্য বীরত্বের সঙ্গে লড়াই করে প্রাণ আহুতি দেওয়া জোয়ানদের স্মরণ করেন । তিনি তাদের দেশপ্রেম , সাহস  ও জাতির প্রতি অটল দায়বদ্ধতার ভূয়সী প্রশংসা করেন ।

বরাক উপত্যকার তিন জেলায় ও আজ বীর শহীদদের স্মরণ করে কার্গিল বিজয় দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয় ।

শিলচরে আজ সকালে কাছাড়ের বিভিন্ন সংস্থা সংগঠনের পক্ষ থেকে ই এন্ড ডি কলোনীর কার্গিল শহীদ স্মারকে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করা হয় । শহিধ স্মারক স্থলে আজ মেরা ভারতের উদ্যোগে  ও নেতাজি  যুব ছাত্র সংস্থার সহযোগীতায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় । লায়ন্স ক্লাব শিলচর ভেলিভিউ , বিভিন্ন লিও ক্লাব , ছাত্র সংগঠন আকসা , শিলচর জেলা কংগ্রেসের সদস্যরা ও পুষ্পার্ঘ অর্পন করে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন ।

এদিকে কাছাড় জেলা বিজেপির নেতা কর্মীরা ও বীর জোয়ানদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন ।  জেলা বিজেপির পক্ষ থেকে শহীদদের আত্ম বলিদানকে স্মরণ করে আজ এক মশাল মিছিল শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে ।মিছিলে রাজ্যের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া , কৌশিক রাই ও কৃষ্ণেন্দু পাল , প্রাক্তন সাংসদ রাজদীপ রায় , রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থ ,বিধায়ক দীপায়ন চক্রবর্তী সহ অন্যান্য নেতা কর্মী ও সদস্যরা অংশ নেন ।

মন্ত্রী শ্রী মল্ল বরুয়া এসম্পর্কে বলেন ---

বাইট

শ্রীভূমি জেলায় ও আজ বীর জোয়ানদের স্মরণে কার্গিল বিজয় দিবস পালন করা হয়েছে । শহরের শম্ভুসাগর পার্কে নেহেরু যুব কেন্দ্র ও ভূমিকা সাংস্কৃতিক সংগনের পক্ষ থেকে শহীদের শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করা হয় ।এছাড়া শহীদদের উদ্দেশ্যে তর্পন , বৃক্ষ রোপন ও দেশাত্মবোধক সংগীত পরিবেশনের মাধ্যমে ও দিনটি উদযাপন করা হয় ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দিতেও আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে কার্গিল বিজয় দিবস উদযাপন করা হয়েছে । শহীদদের স্মরণ করে ভারতীয় জনতা যুব মোর্চার হাইলাকান্দি শাখার পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করা সহ একটি বাইক র‍্যালীর আয়োজন করা হয় । বাউয়ারঘাট থেকে র‍্যালীটি শুরু হয়ে প্রায় ১০ কিলোমিটার পথ অতিক্রম করে বাইক র‍্যালী হাইলাকান্দি শহরে এসে পৌছবে বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন ।

সন্ধ্যায় বিজেপির হাইলাকান্দি শাখার পক্ষ থেকে ও একটি মশাল মিছিলের আয়োজন করা হয় ।

--------------------------------------------------------------------------------

মণিপুরে রাষ্ট্রপতি শাসনের ম্যাদ পুনরায় ৬ মাসের জন্য বৃদ্ধি করা হয়েছে । গতকাল রাজ্যসভায় এই সম্পর্কে উত্থাপন করা প্রস্তাব গৃহীত হয়েছে । আগামী ১৩ আগষ্ট থেকে তা কার্যকর হবে এবং ২০২৬ সালের ১৩ ই ফেব্রুয়ারী পর্যন্ত বহাল থাকবে । উল্লেখ্য গোষ্ঠি সংঘর্ষে মণিপুরের পরিস্থিতি অস্থির হওয়ার পরিপ্রেক্ষিতে গত ৯ ফেব্রুয়ারী রাজ্যটির মুখ্যমন্ত্রী এন বীরেণ সিং পদত্যাগ করেন । এর চারদিন পর অর্থাৎ ১৩ ই ফেব্রুয়ারী কেন্দ্রীয় সরকার মণিপুরে রাষ্ট্রপতি শাসন জারি করে ।সংবিধানের নিয়ম অনুযায়ি রাষ্ট্রপতি শাসন প্রথম অবস্থায় ৬ মাসের জন্য বলবৎ করা হয় এবং সংসদের অনুমোদনক্রমে ছমাসের ব্যবধানে ৩ বছর পর্যন্ত ম্যাদ বৃদ্ধি করা যায় ।

--------------------------------------------------------------------------------

আকাশবাণীর সঞ্চালক প্রধান ডঃ প্রজ্ঞা পালিয়াল গৌড় বলেছেন যে আকাশবাণীর অনুষ্ঠানসূচীতে নতুনত্ব এনে নতুন প্রজন্মকে আকর্ষিত করতে পারলে আকাশবাণীর প্রাসঙ্গিকতা বজায় থাকবে । আজ গুয়াহাটিতে আসামের আকাশবাণী কেন্দ্র সমুহের কাজকর্ম পর্যালোচনা করে তিনি একথা বলেন ।আকাশবাণীর সঙ্গীতানুষ্ঠানগুলো কলেজ

এবং বিশ্ববিদ্যালয়ে আয়োজন  করার পরামর্শ দেন তিনি ।নতুন নতুন অনুষ্ঠান আয়োজন করে শ্রোতার সংখ্যা বৃদ্ধি এবং বিজ্ঞাপনের মাধ্যমে আয় বৃদ্ধি করা বর্তমান সময়ের সবচাইতে বড় প্রত্যাহ্বান বলে ডঃ গৌড় মন্তব্য করেন ।তিনি বলেন----

বাইট

উল্লেখ্য ৫ দিনের আসাম ও মেঘালয় সফরের অংশ হিসেবে সঞ্চালক প্রধান ডঃ গৌড় এর পূর্বে গত বৃহস্পতিবার মেঘালয়ের আকাশবাণী কেন্দ্র সমুহের কাজকর্মের পর্যালোচনা করেন । আজ সকালে তিনি কামাখ্যা মন্দির দর্শণ করেন । আজকের বৈঠকে আসামের ৯ টি আকাশবাণী কেন্দ্রের সংবাদ বিভাগ ,অনুষ্ঠান এবং কারিগড়ি বিভাগের প্রধানরা অংশগ্রহণ করেন ।

--------------------------------------------------------------------------------------

প্রদেশ কংগ্রেস সভাপতি ও সাংসদ গৌরব গগৈ আজ হাইলাকান্দি জেলার তিনটি ভোটকেন্দ্র এলাকার জনসাধারণের সঙ্গে মত বিনিময় করেন এবং কংগ্রেসের নতুন কার্যসূচী ‘আমার বুথ আমার দাবী ’তে অংশগ্রহণ করেন ।শ্রী গগৈ আজ জানকী বাজার , আলগাপুর এবং হাইলাকান্দি শহরে আয়োজিত তিনটি বুথ ভিত্তিক সভায় অংশগ্রহণ করেন ।এই সভাগুলোতে বিজেপি নেতৃত্বাধীন সরকারের সমালোচনা করে তিনি রাজ্যের সর্বাঙ্গীন সমস্যা , কর্মসংস্থান , মূল্যবৃদ্ধি , সামাজিক নিরাপত্তা ইত্যাদি বিষয় তুলে ধরে  ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে কংগ্রেস দল ক্ষমতায় এলে এই সমস্যাগুলো সমাধানে দল প্রতিশ্রুতিবদ্ধ বলে মন্তব্য করেন ।সভায় আলগাপুরের বিধায়ক খলিল উদ্দিন মজুমদার , প্রদেশ কংগ্রেসের সাধারণ সম্পাদক বদরুল ইসলাম , প্রাক্তন বিধায়ক আমিনুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার বিশিষ্ট শিক্ষাবিদ , রাজনীতিবিদ , অধ্যাপক , প্রাক্তন রাজ্যসভা সাংসদ তথা সমাজসেবী কমলেন্দু ভট্টাচার্য দীর্ঘ রোগভোগের পর আজ দুপুরে কোলকাতার একটি বেসরকারী হাসপাতালে শেষ নিঃশ্বাষ ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৭৮ । শিলচরের ঐতিহ্যবাহী তৎকালীন গুরুচরণ কলেজের ইংরেজি বিভাগের অধ্যাপক প্রয়াত ভট্টাচার্য দীর্ঘ বছর ধরে এই অঞ্চলের শিক্ষার্থীদের মধ্যে শিক্ষার আলো ছড়িয়ে দিয়েছেন । শিক্ষার অঙ্গনের পাশাপাশি ক্রীড়াক্ষেত্রেও বিশেষ অবদান রেখে গেছেন তিনি । শিলচর জেলা ক্রীড়া সংস্থার সভাপতি পদে তিনি সুনামের সঙ্গে কাজ করে গেছেন । বহুমাত্রিক সত্তার অধিকারী প্রয়াত ভট্টাচার্য ভারতীয় জাতীয় কংগ্রেস দলের সদস্য হিসেবে আজীবন কাজ করে গেছেন এছাড়া তিনি বরাক উপত্যকার বিভিন্ন সামাজিক কাজকর্মেও আজীবন ওতোপ্রতোভাবে জড়িত ছিলেন ।আগামী সোমবার তাঁর

মরদেহ শিলচরে নিয়ে আসা হবে । এদিকে বিশিষ্ট কংগ্রেস নেতার প্রয়ানে আসাম প্রদেশ কংগ্রেস কমিটি সহ শিলচর , হাইলাকান্দি ও শ্রীভূমি জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করআ হয়েছে । প্রদেশ কংগ্রেস সভাপতি গৌরব গগৈ তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর মৃত্যু কংগ্রেস দল ও সমাজের বড় ক্ষতি বলে মন্তব্য করেন ।রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ , বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , বিধায়ক দীপায়ন চক্রবর্তী তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন ।

---------------------------------------------------------------------------------